

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৬৮৬

আগরতলা, ১৯ মার্চ, ২০২৬

টিটিএএডিসি'র সাধারণ নির্বাচন উপলক্ষে পশ্চিম জেলায় কন্ট্রোল রুম চালু

পশ্চিম ত্রিপুরা জেলার অধীন টিটিএএডিসি'র সাধারণ নির্বাচন উপলক্ষে পশ্চিম ত্রিপুরা জেলাশাসক কার্যালয়ে একটি কন্ট্রোল রুম চালু করা হয়েছে। জেলাশাসক কার্যালয়ের প্রথম তলায় এই কন্ট্রোল রুমটি ২৪x৭ চালু থাকবে। এই কন্ট্রোল রুমের টোল ফ্রি নম্বর হলো ১৯৫০/০৩৮১২৩২৫৫৫৮। কাজল দত্ত, ডিসি এই কন্ট্রোল রুমের ভারপ্রাপ্ত আধিকারিক হিসেবে দায়িত্ব পালন করবেন। ১৮ মার্চ, ২০২৬ তারিখ থেকে নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হওয়া পর্যন্ত এই কন্ট্রোল রুমটি কার্যকর থাকবে। ডেপুটি ডিইও এক বিজ্ঞপ্তির মাধ্যমে এই সংবাদ জানিয়েছেন।
